ভোরের কাগজ

তারিখ 03 JAN 1994
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

নগরীতে ছাত্র ভর্তি সমস্যা প্রকট

— ভোরের কাগজ

# সরকারি বিদ্যালয়গুলোতে আসন সংখ্যা কিছুটা বাড়ানোর সিদ্ধান্ত

মাঈনুল আলম : ঢাকা মহানগরীর সরকারি স্কুলগুলোতে এবার আসন সংখ্যা কিছুটা বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শিক্ষা অধিদপ্তরের নির্দেশ অনুযায়ী সংশ্লিষ্ট স্কুলে ধারণ ক্ষমতা অনুযায়ী এবার বেশিসংখ্যক ছাত্রছাত্রী ভর্তি করানো হবে। স্কুল কর্তৃপক্ষ এ সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে শতকরা ১০ থেকে ২৫ ভাগ আসন বৃদ্ধি করতে পারবে বলে একটি সূত্র জানায়। গত বছর সবগুলো সরকারি স্কুলে শতকরা দশ ভাগ আসন বাড়ানো হয়েছিল।

শিক্ষা অধিদপ্তর ঢাকা মহানগরীর ২৪টি সরকারি স্কুলে নতুন বছরে ভর্তি পরীক্ষার তারিখও নির্ধারণ করে দিয়েছে। নগরীর ১৬টি বালক ও ৮টি বালিকা বিদ্যালয়ে আগামী ১০, ১১ ও ১২ জানুয়ারি, এই তিন দিন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষা অধিদপ্তরের নির্দেশ অনুযায়ী গতকাল ২ জানুয়ারি থেকে ভর্তি ফরম দেওয়া শুরু হয়েছে। ১০ জানুয়ারি ৯টি, ১১ জানুয়ারি ৮টি আর ১২ জানুয়ারি ৭টি স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১১ জানুয়ারি গভ:ল্যাবরেটরী হাইস্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিকে নগরীর বেসরকারি স্কুলগুলোতে ডিসেম্বর মাসেই ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। ভিকারুন্নেসা স্কুলে আগামীকাল ৪ জানুয়ারি এবং ৯ জানুয়ারি ভর্তি পরীক্ষা নেওয়া হবে। উদয়ন স্কুলে এ মাসের মাঝামাঝি আর মতিঝিল আইডিয়াল হাইস্কুলে ৮ তারিখে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সরকারি স্কুলগুলোতে প্রথম আর ষষ্ঠ শ্রেণীতে আর বেসরকারি স্কুলগুলোতে শুধু ১ম শ্রেণীতে নতুন ছাত্রছাত্রী ভর্তি করানো হবে। তবে দু' একটি স্কুলে দ্বিতীয়, চতুর্থ আর নবম শ্রেণীতে ভর্তি করানো হবে। ভর্তি পরীক্ষা মাসের মাঝামাঝি। এখন ফরম দেওয়া হচ্ছে। সেই সঙ্গে ভর্তিচ্ছু শিক্ষার্থী অভিভাবকদের দুশ্চিন্তার অন্ত নেই।